সমকাল

তারিখ ... 01 NOV 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# দুই ছাত্রলীগ নেতা বহিষ্কার, গ্রেফতার যে কোনো সময়

## গুলিস্তানে হকার উচ্ছেদ

■ সমকাল প্রতিবেদক

গুলিস্তানে হকার উচ্ছেদকে কেন্দ্র করে প্রকাশ্যে আগ্নেয়াস্ত্র উঁচিয়ে 'গুলিবর্ষণের ঘটনায় ঢাকা মহানগর দক্ষিণ ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাব্বির হোসেন এবং ওয়ারী থানা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আশিকুর রহমানকে বহিষ্কার করেছে ছাত্রলীগ। গতকাল সোমবার সংগঠনটির সভাপতি সাইফুর রহমান সোহাগ ও সাধারণ সম্পাদক এস এম জাকির হোসাইন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বহিষ্কারের তথ্য জানানো হয়। এতে বলা হয়, দলীয় শৃঙ্খলা ভঙ্গের দায়ে ছাত্রলীগ থেকে সাব্বির হোসেন ও আশিকুর রহমানকে বহিষ্কার করা হয়েছে। এর পরই গতকাল রাতে ওই ঘটনায় পল্টন থানায় ও শাহবাগ ■ পৃষ্ঠা ৪ : কলাম ৬


সাব্বির


আশিক

## দুই ছাত্রলীগ নেতা বহিষ্কার

[প্রথম পৃষ্ঠার পর]

থানায় পৃথক দুটি মামলা হয়েছে। পল্টন থানার মামলায় অজ্ঞাত পরিচয়ে ব্যক্তিদের আসামি করা হয়েছে। পুলিশের এক কর্মকর্তা সমকালকে বলেছেন, মামলায় আসামিদের নাম না থাকলেও পুরো ঘটনায় জড়িতরা চিহ্নিত। বিশেষ করে অস্ত্র উঁচিয়ে গুলি ছোড়া ছাত্রলীগের বহিষ্কৃত দুই নেতাকে যে কোনো সময় গ্রেফতার করা হবে।

গতকাল রাত সাড়ে ১২টার দিকে শাহবাগ থানার পরিদর্শক (তদন্ত) জাফর আলী সমকালকে বলেন, সাব্বির, আশিকুরসহ অজ্ঞাতপরিচয় কয়েকজনকে আসামি করে পুলিশ বাদী হয়ে হত্যাচেষ্টা মামলা হয়েছে। আসামিদের গ্রেফতারের চেষ্টা চলছে। এদিকে পুলিশের মতিঝিল জোনের সহকারী কমিশনার শিবলী নোমান জানান, ক্ষতিগ্রস্ত একজন হকার বাদী হয়ে পল্টন থানায় ভাংচুরের মামলা করেছেন। এজাহারে আসামিরা অজ্ঞাত থাকলেও ভাংচুরের সময়ে ধারণ করা ফুটেজ দেখে আসামিদের চিহ্নিত করার চেষ্টা চলছে। গুলিস্তানে হকার উচ্ছেদকে কেন্দ্র করে গত বৃহস্পতিবার দুপুরে হকার-ব্যবসায়ী ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) কর্মচারীদের ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ হয়। এ সময় ডিএসসিসির পক্ষ হয়ে একদল যুবক হকার ও ব্যবসায়ীদের ধাওয়া করে। ওই সময় ছাত্রলীগ নেতা সাব্বির হোসেন ও আশিকুর রহমান প্রকাশ্যে আগ্নেয়াস্ত্র উঁচিয়ে গুলিবর্ষণ করেন।

পুলিশের মতিঝিল বিভাগের উপ-পুলিশ কমিশনার আনোয়ার হোসেন গতকাল বলেন, গুলিস্তানে হকার উচ্ছেদের ঘটনায় যারা অস্ত্র উঁচিয়ে গুলি করেছে, তাদের ব্যাপারে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) যুগ্ম কমিশনার আবদুল বাতেন বলেন, ডিবির একটি টিম গুলি বর্ষণকারীদের গ্রেফতারের চেষ্টা চালাচ্ছে।

ডিবি পুলিশের একজন কর্মকর্তা জানান, ছাত্রলীগের বহিষ্কৃত দুই নেতাকে গ্রেফতারে উচ্চ পর্যায়ে নির্দেশনা রয়েছে। তবে গতকাল রাত পৌনে ১টা পর্যন্ত ওই ঘটনায় কাউকে গ্রেফতার করা হয়নি।

বৃহস্পতিবার হকার উচ্ছেদের সময় ছাত্রলীগ নেতা সাব্বির ও আশিকুরের গুলিবর্ষণের ঘটনায় সর্বত্র সমালোচনার ঝড় ওঠে। আওয়ামী লীগ ও কেন্দ্রীয় ছাত্রলীগও তাদের অপকর্মে ক্ষুব্ধ হয়। ছাত্রলীগ সভাপতি সোহাগ এবং সাধারণ সম্পাদক জাকির রোববার রাতে গণভবনে গিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করেন। সাব্বির ও আশিকুরকে ছাত্রলীগ থেকে বহিষ্কারের বিষয়ে প্রধানমন্ত্রী ইতিবাচক মনোভাব দেখান। ওই রাতেই অস্ত্রধারী দুই নেতাকে বহিষ্কার করে ছাত্রলীগ। গত ৩০ অক্টোবর ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তি গতকাল গণমাধ্যমে পাঠানো হয়। তাতে বলা হয়, বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় নির্বাহী সংসদের এক জরুরি সিদ্ধান্তে সাব্বির হোসেন ও আশিকুর রহমানকে বহিষ্কার করা হয়েছে।